

২০২৫

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : DSE-B-4

(লোকসংস্কৃতি ও লোকসাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। 'লোকসংস্কৃতি ও লোকসাহিত্য' শব্দগুচ্ছে ব্যবহৃত 'লোক' শব্দটির তাৎপর্য বিষয়ে তথ্যনিষ্ঠ আলোচনা করো। লোকসাহিত্য শিল্প-সাহিত্য থেকে ভিন্ন কেন, অন্তত তিনটি কারণ উল্লেখ করে বুঝিয়ে দাও। ৫+৫

অথবা

মেয়েদের ব্রতকথায় ও ব্রত-উদ্‌যাপনে কীভাবে তাদের ঘর-সংসারের সংগ্রামের কথা ও জীবনের সাধারণ সাধ-স্বপ্ন ধরা পড়েছে, সেইজুতি ব্রত-র কথা মনে রেখে, বুঝিয়ে দাও। ১০

- ২। বাংলার ছেলেভুলানো ছড়াগুলিতে শিশুর জগৎকেও পুরুষের ও নারীর সমাজ-প্রচলিত হকেই বিভাজিত করা হয়েছে।— এ বিষয়ে আলোচনা করো। ১০

অথবা

ধাঁধা-র উদ্ভব বিষয়ে গুরুত্বপূর্ণ মতবাদ প্রসঙ্গে লেখো। ১০

- ৩। বাংলা প্রবাদে আমাদের সমাজ-জীবনের গাঢ়বঙ্গ রূপ ধরা পড়েছে।— বুঝিয়ে দাও। ১০

অথবা

রূপকথা কেন লোককথারই অঙ্গ তা রূপকথা-র কয়েকটি প্রাসঙ্গিক 'মোটিফ' আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

- ৪। বাক্কেন্দ্রিক লোকসংস্কৃতির যে-কোনো একটি রূপের পাঁচটি বৈশিষ্ট্য লেখো। ৫

অথবা

'টাইপ' ও 'মোটিফ' বিষয়ে সংক্ষেপে লেখো। ৫

Please Turn Over

- ৫। গঙ্গীরা নাচের বৈশিষ্ট্য বিষয়ে আলোচনা করো। ৫
- অথবা
- ছড়া ও ধাঁধা-র মধ্যে পার্থক্য নির্দেশ করো। ৫
- ৬। প্রকৃতিবিষয়ক বাংলা প্রবাদ সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫
- অথবা
- লালনগীতিতে মানবতার সন্ধান বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৭। টীকা লেখো (যে-কোনো একটি)— ৫
- (ক) মাঘমাগুলা ব্রত।
- (খ) রায়বেঁশে
- (গ) লোককথায় পশুকথা।
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর লেখো— ১×১৫
- (ক) ফোকলোর শব্দটি প্রথম প্রয়োগ করেছিলেন কে?
- (খ) টাইপ-মোটফ পদ্ধতির সঙ্গে যুক্ত একজনের নাম জানাও।
- (গ) একটি স্বত্বকেন্দ্রিক ব্রতের নাম উল্লেখ করো।
- (ঘ) শস্যকামনায় উদ্‌যাপিত হয়, এমন একটি ব্রতের নাম লেখো।
- (ঙ) কোন ব্রতকথায় উমনো-কুমনোর কথা আছে?
- (চ) ছড়ার ছন্দ হিসেবে মূলত কোন ছন্দটি প্রচলিত?
- (ছ) 'খুকুমণির ছড়া' বইটির সংকলক কে?
- (জ) হৌ-নাচে কোন রসের প্রাধান্য?
- (ঝ) 'সরাইকেজা হৌ' কোন অঞ্চলের নাচ?
- (ঞ) 'ধাঁধা' শব্দটির উৎস ও অর্থ লেখো।
- (ট) 'বাংলার লোকসাহিত্য' বইটি কার লেখা?
- (ঠ) 'ভাওয়াইয়া' কোন অঞ্চলের লোকগান?
- (ড) 'বাংলার বাউল ও বাউলগান' বইটি কার লেখা?
- (ঢ) রূপকথার একটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
- (ণ) হৌ-নাচের একজন বিশিষ্ট শিল্পীর নাম লেখো।